

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫-৬৭১


তারিখঃ ২৩/০৫/২০১৭খ্রিঃ

বিষয় : ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান-২ কে আর্থিক ক্ষমতা প্রদান।

সূত্র : (১) উপজেলা নির্বাহী অফিসার, সাভার এর স্মারক নং-০৫.৪১.২৬৭২.০০১.০১৩.০১.১৩-৩৩২/১, তাং ২৫/০৪/২০১৭
(২) জেলা প্রশাসক, ঢাকার স্মারক নং-০৫.৪১.২৬০০.০১৭.২৭.০০১.১৫.২৫৩ (সং), তারিখঃ ১১/০৫/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ঢাকা জেলার সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান (পুরুষ) ও প্যানেল চেয়ারম্যান-০১ এর অনুপস্থিতকালীন সময়ে পরিষদের আর্থিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে উপজেলা পরিষদ (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর ধারা ১৫ এর উপ-ধারা (২) অনুযায়ী বেগম মিনি আখতার উর্মি, ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-২-কে সাভার উপজেলা পরিষদের চেয়ারম্যানের আর্থিক ক্ষমতা নির্দেশক্রমে প্রদান করা হলো।

০২। স্থানীয় সরকার বিভাগের ১৯/০৬/২০১৬ তারিখের ৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫-৭৮৭ নং স্মারকে গঠিত অস্থায়ী চেয়ারম্যান প্যানেল ও জনাব মোহাম্মদ ফখরুল আলম সমর, চেয়ারম্যান, তেতুলঝোড়া ইউনিয়ন পরিষদ ও প্যানেল চেয়ারম্যান-০১ কে প্রদত্ত আর্থিক ক্ষমতা সম্পর্কিত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো।


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০


e-mail: lgd.upazila2@gmail.com

স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.৪০.০৪০.২০১৫- ৬৭১

তারিখঃ ২৩/০৫/২০১৭খ্রিঃ

অনুলিপি- জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০২. জেলা প্রশাসক, ঢাকা।
০৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
০৪. উপজেলা নির্বাহী অফিসার, সাভার, ঢাকা।
০৫. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সাভার, ঢাকা।
০৬. বেগম মিনি আখতার উর্মি, ভাইস চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যান-২, সাভার উপজেলা পরিষদ, ঢাকা।
০৭. ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ, সাভার, ঢাকা।
০৮. জনাব মোহাম্মদ ফখরুল আলম সমর, চেয়ারম্যান, তেতুলঝোড়া ইউনিয়ন পরিষদ ও প্যানেল চেয়ারম্যান-০১, সাভার উপজেলা পরিষদ, ঢাকা।
০৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব